

আমার পরিচয়— আমার নাড়ির গ্রস্থি;
 আমার আকৃতি, প্রকৃতি, আমার অস্তিত্ব, অহংকার—
 আমার পূর্বপুরুষের শৃঙ্খলে বাঁধা।
 অথচ নিদারুণ! একান্ত আমারই এই ব্যক্তিগত
 সংবেদনশীল DNA পাওয়া গেছে
 মিশরের পিরামিডে।
 পাওয়া গেছে পূর্ব আফ্রিকার ছাল বাকলের প্রজন্মে।

জন্মকোষের বিশ্ব—
 মিশে আছে উত্তরমেরুর বরফশ্রোতে
 এবং দক্ষিণের পর্বতমালায়।
 তাই আমি সর্বত্র পরিচিত;
 অথবা অপরিচিত।

হতেই পারে লাতিন আমেরিকা—
 কিংবা মেক্সিকোতে আছে আমার বংশধর;
 আমারই DNA বহন করে বেঁচে আছে অনাত্মীয় হয়ে।
 আত্মীয়তায় বাঁধা
 অজান্তে বেড়ে ওঠে অপরিচিত যুথচারী পরিবার
 আমারই পরম...

কি অদ্ভুত প্রহসন!
 বিপন্ন বোধহয় নিজেকে।
 সৃষ্টির গূঢ় রহস্য—
 অনুধাবন করে শুধুই কষ্ট হয়।
 বেদনায় বলে উঠি,
 DNA শৃঙ্খল গ্রস্থির
 অমোঘ ব্যাপক বিস্তার— কি বাস্তবে বিশৃঙ্খল করেছে
 মানবসভ্যতার ছন্দতন্তুজাল??